

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬৪৯

পর্ব-১৭: দণ্ডবিধি (کتاب الحدود)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - মদের বর্ণনা ও মধ্যপায়ীকে ভীতিপ্রদর্শন করা

আরবী

وَعَنْ أَنَسٍ عَنْ أَبِي طَلْحَةَ: أَنَّهُ قَالَ: يَا نَبِيَّ اللَّهِ إِنِّي اشْتَرَيْتُ خَمْرًا لِأَيْتَامٍ فِي حِجْرِي قَالَ: «أَهْرِقِ الْخَمْرَ وَاكْسِرِ الدِّنَانَ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَضَعَّفَهُ. وَفِي رِوَايَةٍ أَبِي دَاوُدَ: أَنه سَأَلَهُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أَيْتَامٍ وَرِثُوا خَمْرًا قَالَ: «أَهْرِقْهَا» . قَالَ: أَفَلَا أَجْعَلُهَا خَلاً؟ قَالَ: «لَا»

বাংলা

৩৬৪৯-[১৬] আনাস (রাঃ) আবূ ত্বলহাহ্ (রাঃ) হতে বর্ণনা করেন। তিনি বলেনঃ হে আল্লাহর নবী! আমি ঐ সকল ইয়াতীমদের জন্য কিছু মদ ক্রয় করেছি, যারা আমার তত্ত্বাবধানে প্রতিপালিত হচ্ছে। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ মদ ঢেলে ফেল এবং তার পাত্রগুলো ভেঙ্গে ফেল। (তিরমিযী; অবশ্য তিনি এ হাদীসটিকে য'ঈফ বলেছেন)[1]

আর আবূ দাউদ-এর বর্ণনাতে আছে, আবূ ত্বলহাহ্ নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট জিজ্ঞেস করলেন, তার তত্ত্বাবধানে যে সকল ইয়াতীম আছে, উত্তরাধিকার সূত্রে তারা কিছু মদের মালিক হয়েছে (এমতাবস্থায় তা কি করব?) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তা ফেলে দাও। আবূ ত্বলহাহ্ বললেনঃ আমি কি তা দিয়ে সিরকা বানাতে পারব? তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ না।

ফুটনোট

[1] হাসান : তিরমিয়ী ১২৯৩, আবূ দাউদ ৩৬৭৫, আহমাদ ১২১৮৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আল্লামা শাওকানী বলেছেনঃ এটা জুমহূরের সুস্পষ্ট দলীল মদকে সিরকা করা বৈধ না এবং সিরকা করার মাধ্যমে মদ পবিত্র হয় না। ('আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৬৪৯)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন